



“একই স্মারক ও তারিখে প্রতিস্থাপনীয়”  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।  
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০১৫.২১.০০১.২০২৫-২৩২


তারিখ: ২১/১২/২০২৫ খ্রি.

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষ/কর্মকর্তাগণের ২০২৫ সনের গোপনীয় অনুবেদন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষ/কর্মকর্তাগণের ২০২৫ সনের গোপনীয় অনুবেদনে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর করবেন;

কর্মকর্তা	অনুবেদনকারী কর্মকর্তা	প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা
অধ্যক্ষ, টিটিটিসি/ ইঞ্জিনিয়ারিং কলেজ/ পলিটেকনিক ইনস্টিটিউট/ ডিটিটিআই/ মনোটেকনিক ইনস্টিটিউট	মিজ্ ফরিদা ইয়াসমিন পদবি: পরিচালক (পিআইডব্লিউ) [যুগ্মসচিব] কারিগরি শিক্ষা অধিদপ্তর আইডি নম্বর: ১৫৩৮৯ ই-মেইল: dte.directorpiw@gmail.com মোট কর্মকাল: ২০/০৪/২০২৫ খ্রি. হতে ৩১/১২/২০২৫ খ্রি. পর্যন্ত (০১/০১/২০২৫ খ্রি. হতে ১৯/০৪/২০২৫ খ্রি. পর্যন্ত কোন অনুবেদনকারী কর্মকর্তার অধীনেই তিন মাস কর্মকাল পূর্ণ হয়নি বিধায় উক্ত সময়ের জন্য আংশিক গোপনীয় অনুবেদন-এর ক্ষেত্রে “এসিআর অনুশাসনমালা-২০২০”-এর অনুচ্ছেদ ২.৪.১ অনুসরণ করতে হবে)	জনাব শোয়াইব আহমাদ খান মহাপরিচালক [অতিরিক্ত সচিব] কারিগরি শিক্ষা অধিদপ্তর আইডি নম্বর: ৬২৯৮ ই-মেইল: shoaib156298@gmail.com মোট কর্মকাল: ২৩/১২/২০২৪ খ্রি. হতে ২৮/০৮/২০২৫ খ্রি. পর্যন্ত
অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ	প্রকৌশলী মো: রেজাউল হক TEMIS আইডি নম্বর: ৬৯০১২৯০৩৭৪৪ ই-মেইল: vocationaldirector25@gmail.com কর্মকাল: ১৩/০১/২০২৫ খ্রি. হতে ৩১/১২/২০২৫ খ্রি. পর্যন্ত	

- ০২। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ১০ অক্টোবর ২০২৩ তারিখের ১৯৭ নং পরিপত্র অনুযায়ী আঞ্চলিক পরিচালকগণ সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকের কার্যালয়ের ৬ষ্ঠ থেকে ২০তম বেতন গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষর (যেক্ষেত্রে যা প্রযোজ্য) করবেন এবং নিজ অধিক্ষেত্রাধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষ কর্তৃক অনুস্বাক্ষরকৃত গোপনীয় অনুবেদন প্রতিস্বাক্ষর করবেন;
- ০৩। গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ মোতাবেক অনুবেদনাধীন কর্মচারী কর্তৃক অগ্রায়নপত্রের মাধ্যমে সংশ্লিষ্ট অনুবেদনকারী কর্মচারীর দপ্তরে গোপনীয় অনুবেদন দাখিল করবেন এবং অগ্রায়নপত্রের অনুলিপি ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করে তার অনুলিপি অবশ্যই সংরক্ষণ করবেন;
- ০৪। অনুশাসনমালা মোতাবেক অনুবেদনকারীকে গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর করে গোপনীয়তা নিশ্চিতপূর্বক প্রতিস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করতে হবে এবং অগ্রায়নপত্রের অনুলিপি অনুবেদনাধীন কর্মচারীসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। প্রতিস্বাক্ষর প্রযোজ্য না হলে প্রতিস্বাক্ষরকারীর অংশে বিষয়টি উল্লেখপূর্বক গোপনীয় অনুবেদন সরাসরি ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে এবং এক্ষেত্রেও সংশ্লিষ্ট সকলকে অগ্রায়নপত্রের অনুলিপি প্রদান করতে হবে;
- ০৫। অনুশাসনমালা মোতাবেক প্রতিস্বাক্ষরকারী কর্তৃক গোপনীয় অনুবেদন প্রতিস্বাক্ষর করে গোপনীয়তা নিশ্চিতপূর্বক ডোসিয়ার সংরক্ষণকারীর দপ্তরে প্রেরণ করতে হবে এবং সংশ্লিষ্ট সকলকে অগ্রায়নপত্রের অনুলিপি প্রদান করতে হবে;
- ০৬। কেবলমাত্র যথাযথভাবে প্রতিস্বাক্ষরকৃত/ কমপ্লিট গোপনীয় অনুবেদনসমূহ অগ্রায়নপত্রসহ ডাকযোগে অথবা বাহক মারফত ডোসিয়ার সংরক্ষণকারীর দপ্তরে প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ/ নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত গোপনীয় অনুবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে;
- ০৭। এমতাবস্থায়, ‘গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০’ অনুসরণপূর্বক ২০২৫ সনের গোপনীয় অনুবেদন যথাসময়ে যথাযথভাবে দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরপূর্বক নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
১২.১২.২৫

(প্রকৌ. মোঃ মাকসুদুর রহমান)  
পরিচালক (পিআইইউ)

অধ্যক্ষ  
কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অনুলিপি অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ২) পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর;
- ৩) উপ-পরিচালক (এম.পি.ও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৪) সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৫) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৭) সংরক্ষণ নথি।



(দিপংকর মন্ডল)

সহকারী পরিচালক

dte.piu.ad9@gmail.com